এই নীতিমালা ১লা-জুলাই ২০২৪ তারিখ থেকে কার্যকর হবে

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের দেশে বা বিদেশে গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিং-এ যোগদানের নিমিত্তে আর্থিক প্রণোদনা সংক্রান্ত নীতিমালা ২০২২ (প্রস্তাবিত সংশোধনী)

উদ্দেশ্যঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের মনুষ্যত্বের বিকাশ ঘটানোর মাধ্যমে জাতীয় চাহিদার নিরিখে যোগ্য ও দক্ষ করে গড়ে তোলা।

লক্ষ্যঃ শিক্ষক ও শিক্ষার্থীদের জ্ঞানচর্চায় উদ্বুদ্ধকরণের লক্ষ্যে শিক্ষা ও গবেষণার উন্নয়ন ঘটানোর মাধ্যমে আন্তর্জাতিক র‍্যাংকিং-এ বাস্তবায়নের তারিখ থেকে (ক) আগামী ১০ বৎসরের মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়কে দেশের মধ্যে ১ম স্থানে উন্নীতকরণ। (খ) পরবর্তী ১০ বৎসরের মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়কে এশিয়ার প্রথম ১০০টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে উন্নীতকরণ।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গবেষক (এম.ফিল. এবং পি-এইচ. ডি.) ও শিক্ষকবৃন্দের দেশে বা বিদেশে গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিং-এ যোগদানের মাধ্যমে জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে জ্ঞানচর্চা ও জ্ঞানার্জনকে উৎসাহিত করার লক্ষ্যে নিম্নের প্রস্তাবসমূহ উত্থাপন করা হলো। উল্লেখ্য যে নিম্নে উল্লিখিত ভাতাসমূহ সরকারি পরিপত্র (সূত্র. নং-০৭. ১৫২. ০৯৯. ০০. ০০১. ২০০৪ (অংশ-১)-১৬১, ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২, ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, তারিখঃ ১৮-০২-২০১৬; নং-০৭. ১৫২. ০৯৯. ০০. ০০১. ২০০৪-৩৫, ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২, ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, তারিখঃ ২৪-০৮-২০১৫; এবং নং-অম/অবি/ব্যঃ নিঃ - ২/২(১৯)/২০০০-০৪/অংশ-১/২২১(১০০০), ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২, ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, তারিখঃ ০৯-১০-২০১২)

উল্লিখিত জাতীয় বেতনক্রম অনুসারে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিম্নলিখিত ক্যাটেগরিতে ভাগ করা যেতে পারে (উল্লেখ থাকে যে নিম্নলিখিত ভ্রমণ ও অন্যান্য ভাতাদি অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবর্তনের প্রজ্ঞাপনের সাথে পরিবর্তিত হবে):

সাধারণ পর্যায়

(ক) যাঁদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৭৪, ৪০০ টাকা বা তদূর্ধ্ব
(খ) যাঁদের বেতনক্রমের সর্বোচ্চ ৫৩,০৬০ টাকা বা তদূর্ধ্ব, কিন্তু ৭৪,৪০০ টাকার নিম্নে
(গ) যাঁদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ২২,০০০ টাকা বা তদূর্ধ্ব, কিন্তু ৫৩,০৬০ টাকার নিম্নে

সাধারণ পর্যায়ের (ক-গ) গবেষণা সম্মেলনে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় (আমেরিকান ডলার) ভ্রমণ ও অন্যান্য ভাতা প্রদানের জন্য বিশ্বের দেশসমূহকে নিম্নোক্ত তিনটি গ্রুপে (সূত্রঃ নং-অম/অবি/ব্যঃনিঃ-২/২(১৯)/২০০০-০৪/অংশ-১/২২১(১০০০), ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২, ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, তারিখঃ ০৯-১০-২০১২) ভাগ করা হলোঃ

| গ্রুপ | দেশের নাম | বেতনক্রম | হোটেল ভাড়া (আমেরিকান ডলার) | নগদ ভাতা (আমেরিকান ডলার) |
|---|---|---|---|---|
| ০১ | জাপান, সিঙ্গাপুর, দক্ষিণ কোরিয়া, চীন, হংকং, বাহারাইন, কাতার, সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, ইরান, কুয়েত, অস্ট্রেলিয়া, কানাডা, যুক্তরাষ্ট্র, ব্রাজিল, | (ক) | ২৬৩ | ১০১ |
| | | (খ) | ২৩১ | ১০১ |

| | | | | |
|---|---|---|---|---|
| | মেক্সিকো, রাশিয়া, যুক্তরাজ্য, সুইজারল্যান্ড, ফ্রান্স, বেলজিয়াম, ইটালি, সুইডেন, জার্মানি, গ্রীস, নেদারল্যান্ড, পর্তুগাল, স্পেন, তুরস্ক এবং ইউরোপ, ওশেনিয়া, উত্তর ও দক্ষিণ আমেরিকার অন্যান্য দেশসমূহ। | (গ) | ২১৫ | ১০১ |
| | | | | |
| ০২ | উজবেকিস্তান, জর্ডান, ইরাক, লেবানন, ফিলিপাইন, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, মায়ানমার, মালদ্বীপ, ওমান, ভারত, পাকিস্তান, মালয়েশিয়া, কেনিয়া, মরিসাস, সুদান, সিয়ারা লিয়ন, দক্ষিণ আফ্রিকা, মিশর, লিবিয়া এবং আফ্রিকা ও মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশসমূহ। | (ক) | ২১৫ | ৮৭ |
| | | (খ) | ১৯৬ | ৮৭ |
| | | (গ) | ১৭৮ | ৮৭ |
| | | | | |
| ০৩ | নেপাল, ভিয়েতনাম, ভুটান, শ্রীলংকা, আফগানিস্তান, এবং এশিয়ার অন্যান্য দেশসমূহ। | (ক) | ১৯৬ | ৮৭ |
| | | (খ) | ১৭৮ | ৮৭ |
| | | (গ) | ১৬৫ | ৮৭ |
| | | | | |

ক) সেমিনারের অংশগ্রহণের আমন্ত্রণ পত্র ও সম্ভাব্য বাজেটসহ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সর্বসাকুল্য ভাতার (পরিবহন ভাড়া ব্যতীত) ৮০% অগ্রিম হিসেবে গ্রহণ করা যাবে। তবে সেমিনার শেষে অবশ্যই উক্ত অগ্রীম টাকার সমন্বয় বিল পেশ করতে হবে।

খ) ভ্রমণকারী ব্যক্তি স্বীয় ইচ্ছানুযায়ী নিম্নবর্ণিত হারে সর্বসাকুল্যে (পরিবহন ভাড়া ব্যতীত) ভাতা (comprehensive allowance) গ্রহণ করতে পারবেন।

| সাধারণ পর্যায় | দেশের গ্রুপ | | |
|---|---|---|---|
| | ১ | ২ | ৩ |
| ক | ২০২ | ১৬৫ | ১৫১ |
| খ | ১৭৮ | ১৫১ | ১৩৭ |
| গ | ১৬৫ | ১৩৭ | ১২৭ |
| | | | |

* বিদেশে অবস্থানকারী ব্যক্তির আহার, বাসস্থান এবং অন্যান্য খরচাদি উপর্যুক্ত সর্বসাকুল্য ভাতার অন্তর্ভুক্ত। তবে এ ক্ষেত্রেও তাকে সমন্বয় বিল প্রদান করতে হবে।

গ) যদি কোন কারণে ভ্রমণকারীকে ৫ রাত্রির অধিক সময় বিদেশে অবস্থান করতে হয় তবে সেক্ষেত্রে প্রতি রাত্রির জন্য সর্বসাকুল্য ভাতার ১০% হারে কম পাবেন কিন্তু তা ১০ রাত্রির বেশি হবে না।

ঘ) হোটেল ভাড়া হিসেবে ক গ্রুপের বেতনধারী শিক্ষক প্রথম শ্রেণির এবং খ ও গ গ্রুপের শিক্ষক দ্বিতীয় শ্রেণির ভাড়া প্রাপ্য হবেন। তবে বিলের সঙ্গে অবশ্যই হোটেল ভাড়ার রশিদ সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, হোটেল ভাড়ার টাকা খ-তে উল্লেখিত সর্বসাকুল্যে ভাতার মধ্যে গণ্য হবে।

ঙ) পরিবহণ ভাড়া হিসেবে ক গ্রুপের বেতনধারী শিক্ষক প্রথম শ্রেণির (বিজিনেস ক্লাশ) এবং খ ও গ গ্রুপের শিক্ষক সাধারণ শ্রেণির ভাড়া প্রাপ্ত হবেন। তবে বিলের সঙ্গে অবশ্যই সংশ্লিষ্ট পরিবহনের টিকেট (বা বোর্ডিং পাস) সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, পরিবহন ভাড়া সর্বসাকুল্য ভাতার মধ্যে গণ্য হবে না বরং ভ্রমণকারী এটি আলাদাভাবে প্রাপ্ত হবেন।

চ) গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিং যোগদানের নিমিত্তে রেজিস্ট্রেশন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) রা.বি. প্রদান করবে। এক্ষেত্রে বিল সমন্বয়ের সময় রেজিস্ট্রেশন ফি প্রদানের রশিদ সংযুক্ত করতে হবে।

ছ) বিদেশী কোনো বিশ্ববিদ্যালয়ের সঙ্গে মেমোরান্ডাম অব আন্ডারস্ট্যান্ডিংয়ের জন্য শুধুমাত্র প্রফেসর যেতে পারবেন তবে রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে এবং তাঁর নিম্নে উল্লিখিত আর্থিক প্রণোদনা সংক্রান্ত শর্তসমূহ পূরণ করতে হবে।

জ) দেশে অনুষ্ঠিত কোনো গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিং যোগদানের নিমিত্তে রেজিস্ট্রেশন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) ও টি.এ. এবং ডি.এ. সরকারি বিধি মোতাবেক রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রদান করবে। এক্ষেত্রে বিল সমন্বয়ের সময় রেজিস্ট্রেশন ফি প্রদানের রশিদ সংযুক্ত করতে হবে।

**রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষদের দেশে বা বিদেশে গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিং-এ যোগদানের নিমিত্তে আর্থিক প্রণোদনা সংক্রান্ত নীতিমালার শর্তাবলি ২০২২ (প্রস্তাবিত সংশোধনী)**

নিম্নলিখিত শর্তাবলী পূরণ-সাপেক্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ দেশে বা বিদেশে গবেষণা সম্মেলনে যোগদানের নিমিত্তে আর্থিক প্রণোদনা প্রাপ্ত হবেনঃ

১. **প্রফেসর (গ্রেড-১)**

(ক) শিক্ষকতা জীবনে কমপক্ষে পনেরো (১৫) টি প্রকাশিত গবেষণা প্রবন্ধের মধ্যে কমপক্ষে পাঁচ (০৫) টি Scopus/Scimago/Web of Science/ Clarivate/ Journal Citation Report কর্তৃক মূল্যায়িত Q1/ Q2/ Q3 জার্নালে থাকতে হবে। এর মধ্যে কমপক্ষে দুই (০২) টিতে করস্পন্ডিং অথর হিসেবে থাকতে হবে।

(খ) যে বছরে গবেষণা সম্মেলনে যোগদানের নিমিত্তে আর্থিক প্রণোদনার জন্য আবেদন করছেন তার আগের তিন (০৩) বছরে কমপক্ষে দুই (০২) টি গবেষণা প্রবন্ধ করস্পন্ডিং অথর অথর হিসেবে Scopus/Scimago/Web of Science/ Clarivate/ Journal Citation Report কর্তৃক মূল্যায়িত Q1/ Q2/ Q3 জার্নালে প্রকাশনা থাকতে হবে।

(গ) প্রতি অর্থবছরে বাংলাদেশে দুই (০২) টি এবং বিদেশে (০১/০২/০৩ গ্রুপভুক্ত দেশ) এক (০১) টি গবেষণা সম্মেলন/ ওয়ার্কশপ/ ট্রেনিংয়ে অংশগ্রহণের নিমিত্তে আর্থিক প্রণোদনা প্রাপ্ত হবেন।

২. **প্রফেসর (গ্রেড-২)**

(ক) শিক্ষকতা জীবনে কমপক্ষে বারো (১২) টি প্রকাশিত গবেষণা প্রবন্ধের মধ্যে কমপক্ষে চার (০৪) টি Scopus/Scimago/Web of Science/ Clarivate/ Journal Citation Report কর্তৃক মূল্যায়িত Q1/ Q2/ Q3 জার্নালে থাকতে হবে। এর মধ্যে কমপক্ষে দুই (০২) টিতে করস্পন্ডিং অথর হিসেবে থাকতে হবে।

(খ) যে বছরে গবেষণা সম্মেলনে যোগদানের নিমিত্তে আর্থিক প্রণোদনার জন্য আবেদন করছেন তার আগের তিন (০৩) বছরে কমপক্ষে দুই (০২) টি গবেষণা প্রবন্ধ করস্পন্ডিং অথর অথর হিসেবে Scopus/Scimago/Web of Science/ Clarivate/ Journal Citation Report কর্তৃক মূল্যায়িত Q1/ Q2/ Q3 জার্নালে প্রকাশনা থাকতে হবে।

(গ) প্রতি অর্থবছরে বাংলাদেশে দুই (০২) টি এবং বিদেশে (০১/০২/০৩ গ্রুপভুক্ত দেশ) এক (০১) টি গবেষণা সম্মেলন/ ওয়ার্কশপ/ ট্রেনিংয়ে অংশগ্রহণের নিমিত্তে আর্থিক প্রণোদনা প্রাপ্ত হবেন।

৩. **প্রফেসর (গ্রেড-৩)**

(ক) শিক্ষকতা জীবনে কমপক্ষে দশ (১০) টি প্রকাশিত গবেষণা প্রবন্ধের মধ্যে কমপক্ষে তিন (০৩) টি Scopus/Scimago/Web of Science/ Clarivate/ Journal Citation Report কর্তৃক মূল্যায়িত Q1/ Q2/ Q3 জার্নালে থাকতে হবে। এর মধ্যে কমপক্ষে দুই (০২) টিতে করস্পন্ডিং অথর হিসেবে থাকতে হবে।

(খ) যে বছরে গবেষণা সম্মেলনে যোগদানের নিমিত্তে আর্থিক প্রণোদনার জন্য আবেদন করছেন তার আগের তিন (০৩) বছরে কমপক্ষে দুই (০২) টি গবেষণা প্রবন্ধ করস্পন্ডিং/ফার্স্ট অথর হিসেবে Scopus/Scimago/Web of Science/ Clarivate/ Journal Citation Report কর্তৃক মূল্যায়িত Q1/ Q2/ Q3 জার্নালে প্রকাশনা থাকতে হবে।

(গ) প্রতি অর্থবছরে বাংলাদেশে দুই (০২) টি এবং বিদেশে (০১/০২/০৩ গ্রুপভুক্ত দেশ) এক (০১) টি গবেষণা সম্মেলন/ ওয়ার্কশপ/ ট্রেনিংয়ে অংশগ্রহণের নিমিত্তে আর্থিক প্রণোদনা প্রাপ্ত হবেন।

৪. **সহযোগী অধ্যাপক**

(ক) শিক্ষকতা জীবনে কমপক্ষে সাত (০৭) টি প্রকাশিত গবেষণা প্রবন্ধের মধ্যে কমপক্ষে দুই (০২) টি Scopus/Scimago/Web of Science/ Clarivate/ Journal Citation Report কর্তৃক মূল্যায়িত Q1/ Q2/ Q3 জার্নালে থাকতে হবে। এর মধ্যে কমপক্ষে এক (০১) টিতে করস্পন্ডিং/ফার্স্ট অথর হিসেবে থাকতে হবে।

(খ) যে বছরে গবেষণা সম্মেলনে যোগদানের নিমিত্তে আর্থিক প্রণোদনার জন্য আবেদন করছেন তার আগের দুই (০২) বছরে কমপক্ষে এক (০১) টি গবেষণা প্রবন্ধ করস্পন্ডিং/ফার্স্ট অথর হিসেবে Scopus/Scimago/Web of Science/ Clarivate/ Journal Citation Report কর্তৃক মূল্যায়িত Q1/ Q2/ Q3 জার্নালে প্রকাশনা থাকতে হবে।

(গ) প্রতি অর্থবছরে বাংলাদেশে দুই (০২) টি এবং বিদেশে (০১/০২/০৩ গ্রুপভুক্ত দেশ) এক (০১) টি গবেষণা সম্মেলন/ ওয়ার্কশপ/ ট্রেনিংয়ে অংশগ্রহণের নিমিত্তে আর্থিক প্রণোদনা প্রাপ্ত হবেন।

৫. সহকারি অধ্যাপক

(ক) শিক্ষকতা জীবনে কমপক্ষে তিন (০৩) টি প্রকাশিত গবেষণা প্রবন্ধের মধ্যে কমপক্ষে এক (০১) টি Scopus/Scimago/Web of Science/ Clarivate/ Journal Citation Report কর্তৃক মূল্যায়িত Q1/ Q2/ Q3 জার্নালে থাকতে হবে। এর মধ্যে কমপক্ষে এক (০১) টিতে ফার্স্ট অথর হিসেবে থাকতে হবে।

(খ) যে বছরে গবেষণা সম্মেলনে যোগদানের নিমিত্তে আর্থিক প্রণোদনার জন্য আবেদন করছেন তার আগের দুই (০২) বছরে কমপক্ষে এক (০১) টি গবেষণা প্রবন্ধ ফার্স্ট অথর হিসেবে Scopus/Scimago/Web of Science/ Clarivate/ Journal Citation Report কর্তৃক মূল্যায়িত Q1/ Q2/ Q3 জার্নালে প্রকাশনা থাকতে হবে।

(গ) প্রতি অর্থবছরে বাংলাদেশে দুই (০২) টি এবং বিদেশে (০১/০২/০৩ গ্রুপভুক্ত দেশ) এক (০১) টি গবেষণা সম্মেলন/ ওয়ার্কশপ/ ট্রেনিংয়ে অংশগ্রহণের নিমিত্তে আর্থিক প্রণোদনা প্রাপ্ত হবেন।

৬. প্রভাষক

(ক) শিক্ষকতা জীবনে কমপক্ষে ১টি গবেষণা প্রবন্ধ Scopus/Scimago/Web of Science/ Clarivate/ Journal Citation Report কর্তৃক মূল্যায়িত Q1/ Q2/ Q3 জার্নালে থাকতে হবে।

(খ) প্রতি অর্থবছরে বাংলাদেশে দুই (০২) টি এবং বিদেশে (০১/০২/০৩ গ্রুপভুক্ত দেশ) এক (০১) টি গবেষণা সম্মেলন/ ওয়ার্কশপ/ ট্রেনিংয়ে অংশগ্রহণের নিমিত্তে আর্থিক প্রণোদনা প্রাপ্ত হবেন।

৭. অন্যান্য শর্তাবলি

(ক) আবেদনকারীকে অবশ্যই গবেষণাপত্র উপস্থাপন করতে যাবেন মর্মে আমন্ত্রণপত্র আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

(খ) গবেষণা সম্মেলনের প্রসিডিংস-এ প্রকাশিত সংশ্লিষ্ট গবেষণাপত্রের কপি যদি কোনো কারণে গবেষণা সম্মেলনের প্রসিডিংস প্রকাশিত না হয়, সেক্ষেত্রে সম্মেলন আয়োজন কমিটির একটি প্রত্যয়নপত্র বিভাগীয় সভাপতির (ইন্সটিটিউটের ক্ষেত্রে ডাইরেক্টরের) মাধ্যমে সংশ্লিষ্ট অফিসে জমা দিবেন।

(গ) পরিবহন ব্যয়ের কপি (বাস/ট্রেনের টিকিট/ বিমানের ক্ষেত্রে টিকিট ও বোর্ডিং পাসের মূল কপি) বিভাগীয় সভাপতির (ইন্সটিটিউটের ক্ষেত্রে ডাইরেক্টরের) মাধ্যমে সংশ্লিষ্ট অফিসে জমা দিয়ে অবশিষ্ট অর্থ (পরিবহন ভাড়া, রেজিস্ট্রেশন ফি এবং সর্বসাকুল্য ভাতা) প্রাপ্ত হবেন।

Talukder

(ঘ) যে সকল শিক্ষকের উপরে বর্ণিত (১-৬) শর্তসমূহ পূরণ হবে না তাঁরা গ্রুপ-৩ এর দেশসমূহে একই অর্থবছরে একবার গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিংয়ে যোগদান করতে পারবেন। গ্রুপ-৩ এর দেশসমূহে গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিংয়ে যোগদানে আগ্রহীদের অবশ্যই গবেষণাপত্র উপস্থাপন করতে হবে। তাঁদের উপরের ক-গ শর্তাবলি প্রযোজ্য হবে।

(ঙ) যদি আবেদনকারী যেকোনো এক/একাধিক সুবিধা (ভ্রমনব্যয়, আহার, আবাসন, পরিবহন ও রেজিস্ট্রেশন) রাজশাহী বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত হন, সেক্ষেত্রে যে সুবিধা তিনি প্রাপ্ত হননি, শুধুমাত্র সেই সুবিধা (সমূহ) উপরে উল্লেখিত আর্থিক প্রণোদনার আলোকে রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত হবেন।

(চ) দেশে অনুষ্ঠিত গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিং যোগদানের নিমিত্তে যাঁদের উপরে বর্ণিত (১-৬) শর্তসমূহ পূরণ হবে না তাঁদের রেজিস্ট্রেশন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) ও টি.এ. এবং ডি.এ. সরকারী বিধি মোতাবেক রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রদান করবে। এক্ষেত্রে বিল সমন্বয়ের সময় রেজিস্ট্রেশন ফি প্রদানের রশিদ সংযুক্ত করতে হবে। শিক্ষকগণ একই অর্থবছরে সর্বোচ্চ দুই (০২) বার গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিং যোগদানের জন্য রেজিস্ট্রেশন ফি ও টি.এ. এবং ডি.এ. প্রাপ্ত হবেন। তবে উল্লেখ্য যে, গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিং ইত্যাদি অবশ্যই তাঁর গবেষণার সাথে সম্পর্কিত হতে হবে।

বি. দ্র.ঃ দেশে বা বিদেশে গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিং অংশগ্রহণের নিমিত্তে আর্থিক অনুদান সরকারের এতদসংক্রান্ত আর্থিক নীতিমালা অনুযায়ি হবে এবং এতদসংক্রান্ত নীতিমালা প্রতি তিন অর্থবছরে একবার রিভিউ করা হবে।

(ঘ) যে সকল শিক্ষকের উপরে বর্ণিত (১-৬) শর্তসমূহ পূরণ হবে না তাঁরা গ্রুপ-৩ এর দেশসমূহে একই অর্থবছরে একবার গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিংয়ে যোগদান করতে পারবেন। গ্রুপ-৩ এর দেশসমূহে গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিংয়ে যোগদানে আগ্রহীদের অবশ্যই গবেষণাপত্র উপস্থাপন করতে হবে। তাঁদের উপরের ক-গ শর্তাবলি প্রযোজ্য হবে।

(ঙ) যদি আবেদনকারী যেকোনো এক/একাধিক সুবিধা (ভ্রমনব্যয়, আহার, আবাসন, পরিবহন ও রেজিস্ট্রেশন) রাজশাহী বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত হন, সেক্ষেত্রে যে সুবিধা তিনি প্রাপ্ত হননি, শুধুমাত্র সেই সুবিধা (সমূহ) উপরে উল্লেখিত আর্থিক প্রণোদনার আলোকে রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত হবেন।

(চ) দেশে অনুষ্ঠিত গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিং যোগদানের নিমিত্তে যাঁদের উপরে বর্ণিত (১-৬) শর্তসমূহ পূরণ হবে না তাঁদের রেজিস্ট্রেশন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) ও টি.এ. এবং ডি.এ. সরকারী বিধি মোতাবেক রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রদান করবে। এক্ষেত্রে বিল সমন্বয়ের সময় রেজিস্ট্রেশন ফি প্রদানের রশিদ সংযুক্ত করতে হবে। শিক্ষকগণ একই অর্থবছরে সর্বোচ্চ দুই (০২) বার গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিং যোগদানের জন্য রেজিস্ট্রেশন ফি ও টি.এ. এবং ডি.এ. প্রাপ্ত হবেন। তবে উল্লেখ্য যে, গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিং ইত্যাদি অবশ্যই তাঁর গবেষণার সাথে সম্পর্কিত হতে হবে।

**বি. দ্র.ঃ** দেশে বা বিদেশে গবেষণা সম্মেলন/ওয়ার্কসপ/ট্রেনিং অংশগ্রহণের নিমিত্তে আর্থিক অনুদান সরকারের এতদসংক্রান্ত আর্থিক নীতিমালা অনুযায়ি হবে এবং এতদসংক্রান্ত নীতিমালা প্রতি তিন অর্থবছরে একবার রিভিউ করা হবে।

Talukder

২৭/১০/১২

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের গবেষণা প্রবন্ধ প্রকাশনার জন্য ব্যয় (Article processing charge, APC) ও এতদ্‌সংক্রান্ত প্রণোদনা নীতিমালা ২০২২ (প্রস্তাবিত সংশোধনী)

১. রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের গবেষণায় উৎসাহ প্রদান এবং তাঁদের গবেষণার মানোন্নয়নের লক্ষ্যে গবেষণা প্রবন্ধ প্রকাশের জন্য শিক্ষকদের Article processing charge (APC) বাবদ অর্থ নিম্নের শর্তপূরণ সাপেক্ষে প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হলোঃ

(১.ক) Scopus/Scimago/Web of Science/ Clarivate/ Journal Citation Report কর্তৃক মূল্যায়িত Q1/Q2 জার্নালে প্রকাশিত হলে APC-র সম্পূর্ণ অর্থ প্রদান করা হবে।

(১.খ) Scopus/Scimago/Web of Science/ Clarivate/ Journal Citation Report কর্তৃক মূল্যায়িত Q3 জার্নালে প্রকাশিত হলে APC-ও ৫০% অর্থ প্রদান করা হবে।

শর্তবলীঃ

(১.শ.১) কেবলমাত্র Original গবেষণা প্রবন্ধ (রিভিউ আর্টিকেল/বুক চ্যাপ্টার বাদে) প্রকাশনার ক্ষেত্রে APC প্রদান করা হবে।

(১.শ.২) গবেষণা প্রবন্ধে করস্পন্ডিং অথরকে শুধুমাত্র রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিভাগের বা ইন্সটিটিউটের ঠিকানা ব্যবহার করতে হবে। অন্যথায় APC বাবদ কোনো অর্থ প্রদান করা হবে না।

(১.শ.৩) গবেষণা প্রবন্ধ প্রকাশনায় যৌথ করস্পন্ডিং অথর হলে রাজশাহী বিশ্ববিদ্যালয় গবেষণা প্রবন্ধ প্রকাশনার APC বাবদ কোনো অর্থ প্রদান করবে না।

(১.শ.৪) APC সংক্রান্ত অর্থ সরাসরি কোনো শিক্ষককে প্রদেয় নয়। কোনো article প্রকাশনার জন্য নির্বাচিত হলে জার্নাল প্রকাশক যে বিল প্রদান করবে তা রাজশাহী বিশ্ববিদ্যালয় সরাসরি প্রকাশক বরাবর পরিশোধ করবে। তবে রাজশাহী বিশ্ববিদ্যালয় কোনো কারণে APC-র জন্য অর্থ প্রদানে বিলম্ব করলে এবং প্রয়োজনে কোনো শিক্ষক (করস্পন্ডিং অথর) তা যদি নিজ উদ্যোগে প্রদান করলে পরে প্রকাশক কর্তৃক প্রদত্ত বিল পরিশোধের ভাউচার জমাদান সাপেক্ষে উক্ত শিক্ষককে সমপরিমাণ অর্থ রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রদান করবে।

(১.শ.৫) যে সমস্ত জার্নাল ওপেন একসেস এবং সাবসক্রিপশনের সুবিধা আছে সেসব জার্নালে গবেষণা প্রবন্ধ প্রকাশনার ক্ষেত্রে অবশ্যই সাবসক্রিপটেড প্রথায় প্রকাশ করতে হবে।

(১.শ.৬) যে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/অলাভজনক স্বায়ত্বশাসিত (যেমন: এশিয়াটিক সোসাইটি) সংস্থা থেকে প্রকাশিত জার্নালে (ফ্যাকাল্টি/ইন্সটিটিউট বা বিভাগ থেকে প্রকাশিত নয়) কোনো গবেষণা প্রবন্ধ প্রকাশের জন্য বিবেচিত হলে উক্ত প্রকাশনার ক্ষেত্রে রাজশাহী বিশ্ববিদ্যালয় APC প্রদান করবে।

২. প্রণোদনা

Journal-এ প্রকাশনার জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ (১.শ.১-৬) শর্তসমূহ পূরণ সাপেক্ষে নিম্নহারে প্রনোদনা প্রদান করা হবেঃ

(২.ক) Q1 Journal-এ প্রতিটি গবেষণা প্রবন্ধ প্রকাশনার জন্য করসপনডিং অথর ২০,০০০/- (কুড়ি হাজার) টাকা প্রণোদনা পাবেন।

(২.খ) Q2 Journal-এ প্রতিটি গবেষণা প্রবন্ধ প্রকাশনার জন্য করসপনডিং অথর ১৫,০০০/- (পনের হাজার) টাকা প্রণোদনা পাবেন।

(২.গ) Q3 Journal-এ প্রতিটি গবেষণা প্রবন্ধ প্রকাশনার জন্য করসপনডিং অথর ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রণোদনা পাবেন।

৩. আবেদন প্রক্রিয়া

করেস্পন্ডিং অথর প্রকাশনার ব্যয় (ফরম সংযুক্ত) ও প্রণোদনা (প্রকাশনার কপিসহ) প্রাপ্তির জন্য একাডেমিক কমিটিতে (বিভাগ/ইনস্টিটিউট) আবেদন করবেন এবং একাডেমিক কমিটির সুপারিশসহ রেজিস্ট্রার দপ্তরে আবেদনপত্র প্রেরণ করবেন।

বি. দ্র.ঃ দেশে বা বিদেশে গবেষণা গবেষণা প্রবন্ধ প্রকাশনার জন্য ব্যয় (Article processing charge) এবং এতদসংক্রান্ত নীতিমালা প্রতি তিন অর্থবছরে একবার রিভিউ করা হবে।